# এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

### রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা    পূর্ণমান — ৫০    বিষয় কোড: ১০২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো:** ৫

(ক) বাংলাদেশের মুক্তিযুদ্ধ

(খ) নারী শিক্ষা

**২. যে কোনো একটি বিষয়ে পত্র লেখো:** ৫

(ক) এস এস সি পরীক্ষার পর অবসর দিনগুলো কিভাবে কাটাবে তা জানিয়ে বন্ধুর কাছে পত্র লেখ।

অথবা, (খ) শিক্ষা সফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে আবেদন পত্র লেখো।

**৩. (ক) সারাংশ লেখো:** ১০

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধু আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় করতে না পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়ি না খুঁজলেই নয়। উঠবার সিঁড়িটা না খুঁজে পেলে আমাদের আত্মবিনাশ যে অনিবার্য তাতে আর কোনো সন্দেহ থাকে না।

অথবা, (খ) সারমর্ম লেখো:

শৈশবে সদুপদেশ যাহার না রোচে,
জীবনে তাহার কভু মূর্খতা না ঘোচে।
চৈত্রমাসে চাষ দিয়া না বোনে বৈশাখে,
কবে সে হৈমন্তিক ধান পেয়ে থাকে?
সময় ছাড়িয়া দিয়া করে পণ্ডশ্রম,
ফল চাহে, সেও অতি নির্বোধ অধম।
খেয়াতরী চলে গেলে বসে থাকে তীরে,
কিসে পার হবে, তরী না আসিলে ফিরে?

http://teachingbd.com

**৪. যে কোনো একটি ভাব-সম্প্রসারণ করো:** **১০**

(ক) কীর্তিমানের মৃত্যু নেই।

(খ) শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির
লিখে রেখ এক ফোঁটা দিলেম শিশির।

**৫. যে কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** **১০**

(ক) আজকের যুব সমাজের নৈতিক অবক্ষয় উল্লেখ করে সংবাদপত্রে প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

(খ) তোমার বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এর উপর ভিত্তি করে একটি প্রতিবেদন রচনা করো।

**৬. যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** **২০**

(ক) মানবকল্যাণে বিজ্ঞান

(খ) স্বদেশ প্রেম

(গ) অধ্যবসায়

Teachingbd.com

# এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা　　বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. 'আকাশে চাঁদ উঠেছে'— এ বাক্যে আকাশ কোন অধিকরণ?**
ক) অভিব্যাপক　খ) বৈষয়িক
গ) একদেশিক　ঘ) কালাধিকরণ

**২. 'কী হেতু এসছো এখানে কহ বিস্তারিয়া'— এখানে হেতু অনুসর্গটি কী অর্থে প্রকাশিত?**
ক) ব্যাপার　খ) নিমিত্ত
গ) প্রার্থনা　ঘ) প্রসঙ্গ

**৩. 'যে পরিশ্রম করে সে সুখ লাভ করে'— কোন ধরনের বাক্য?**
ক) সরল　খ) মিশ্র
গ) যৌগিক　ঘ) খণ্ড বাক্য

**৪. 'সকলের জন্য প্রযোজ্য'— এককথায়?**
ক) সর্বজনীন　খ) সার্বজনীন
গ) সর্বজনিন　ঘ) সার্বজনিন

**৫. স্বরধ্বনির মধ্যে যৌগিক বা দ্বিস্বরজ্ঞাপক বর্ণ কয়টি?**
ক) দুটি　খ) চারটি
গ) পাঁচটি　ঘ) ছয়টি

**৬. 'আকাশ'-এর সমার্থক শব্দ কোনটি?**
ক) অলক　খ) অনল
গ) অম্বর　ঘ) অচল

**৭. 'বচন' ব্যাকরণে কী জাতীয় শব্দ?**
ক) তৎসম　খ) অর্ধতৎসম
গ) পারিভাষিক　ঘ) বিদেশি

**৮. কোনটি শুদ্ধ বচনবোধক শব্দ?**
ক) জনগণ　খ) চোরদল
গ) কসুমাবলী　ঘ) ডাকাতবৃন্দ

**৯. পদাশ্রিত নির্দেশক কোথায় বসে?**
ক) পদের শেষে　খ) পদের প্রথমে
গ) পদের মাঝে　ঘ) কোনো খানেই নয়

**১০. বিশেষভাবে অর্থে নির্দিষ্টতা জ্ঞাপক শব্দ কোনটি?**
ক) পাটি　খ) গোটা
গ) খানা　ঘ) এক

**১১. সমাসের রীতি বাংলায় এসেছে কোন ভাষা থেকে?**
ক) বাংলা থেকে　খ) সংস্কৃত থেকে
গ) প্রাকৃত থেকে　ঘ) ফারসি

**১২. কর্মধারয় সমাসে কোন পদ প্রধান থাকে?**
ক) পূর্বপদ　খ) পরপদ
গ) উভয়পদ　ঘ) নতুনপদ

**১৩. 'তুষারশুভ্র' সমাসের ব্যাসবাক্য হলো—**
ক) তুষারের ন্যায় শুভ্র　খ) বরফের ন্যায় সাদা
গ) শুভ্রের ন্যায় তুষার　ঘ) সাদার ন্যায় তুষার

**১৪. নিপাতনে সিদ্ধ সমাসের উদাহরণ কোনটি?**
ক) দিপ　খ) দ্বীপ
গ) দ্বিপ　ঘ) দীপ

**১৫. অন্তরীপ কোন সমাসের উদাহরণ?**
ক) নিপাতনে সিদ্ধ বহুব্রীহি
খ) ব্যতিহার বহুব্রীহি
গ) প্রত্যয়ান্ত বহুব্রীহি
ঘ) সমানাধিকরণ বহুব্রীহি

**১৬. অনুজ্ঞা কোন কালে ব্যবহৃত হয়?**
ক) বর্তমানকালে　খ) অতীতকালে
গ) ভবিষ্যৎকালে
ঘ) বর্তমান ও ভবিষ্যৎকালে

**১৭. অসমাপিকা ক্রিয়া ঘটিতে বাক্যে কয় প্রকার কর্তা দেখা যায়?**
ক) ৪ প্রকার　খ) ৩ প্রকার
গ) ২ প্রকার　ঘ) ৫ প্রকার

**১৮. 'অনুরোধ' বোঝাতে অনুজ্ঞার ব্যবহার কোনটি?**
ক) কাল একবার এসো
খ) সত্য কথা বলবে
গ) কাজটি করে ফেল
ঘ) আল্লাহ তোমার মঙ্গল করুন

**১৯. বাংলা ভাষায় ধাতুর গণ কয়টি?**
ক) ২১টি　খ) ২০টি
গ) ২২টি　ঘ) ১৯টি

Teachingbd.com

২০. 'কারক (কৃ + ণক) শব্দটির অর্থ কী?
ক) যা পদ সম্পাদন করে
খ) যা ক্রিয়া সম্পাদন করে
গ) যা পদ সৃষ্টি করে
ঘ) নতুন শব্দ সৃষ্টি করে

২১. কারক নির্ণয় করার সহজ উপায় কী?
ক) শব্দটি ভাঙা খ) বিশ্লেষণ করা
গ) ব্যাখ্যা করা ঘ) ক্রিয়াকে প্রশ্ন করা

২২. কারক কত প্রকার?
ক) চার খ) পাঁচ
গ) ছয় ঘ) তিন

২৩. যে বহুব্রীহি সমাসে পূর্বপদ এবং পরপদ দুটোই বিশেষ্য হলে—
ক) সমানাধিকরণ খ) ব্যাধিকরণ
গ) ব্যতিহার ঘ) কোনোটাই নয়

২৪. 'দুই দিকে মন যার' এর সমস্তপদ হচ্ছে—
ক) দোমনা খ) দোটানা
গ) দোনলা ঘ) দোতলা

২৫. 'চৌ (চার) চাল যে ঘরের' কোন সমাস?
ক) দ্বিগু খ) দ্বন্দ্ব
গ) বহুব্রীহি ঘ) তৎপুরুষ

২৬. 'মরণ পর্যন্ত' কোন সমাস?
ক) দ্বিগু খ) দ্বন্দ্ব
গ) বহুব্রীহি ঘ) অব্যয়ীভাব

২৭. 'আমরণ কোন সমাস?
ক) দ্বিগু খ) দ্বন্দ্ব
গ) বহুব্রীহি ঘ) অব্যয়ীভাব

২৮. বিরোধ অর্থে কোনটি অব্যয়ীভাব সমাস?
ক) প্রতিকূল খ) নির্জন
গ) নির্ভাবনা ঘ) অনুক্ষণ

২৯. 'প্রতিকূল' এর ব্যাসবাক্য কোনটি?
ক) কূলের অভাব খ) বিরুদ্ধ কুল
গ) কুলে কুলে ঘ) কুলের সমষ্টি

৩০. 'অনুধাবন' সমস্তপদটি কী অর্থে ব্যবহৃত হয়?
ক) পেছন দিকে যাওয়া খ) পশ্চাৎ ধাবন
গ) বোধগম্য ঘ) কোনোটিই নয়

৩১. প্র, প্রতি, অনু অব্যয়ের সাথে কৃৎ প্রত্যয়ের সমাস হলে—
ক) প্রাদি খ) নিত্য
গ) অব্যয়ীভাব ঘ) দ্বন্দ্ব

৩২. 'আমি, তুমি ও সে' এর ব্যাসবাক্য কোনটি?
ক) আমরা খ) তোমরা
গ) তাহারা ঘ) আমাদের

৩৩. 'বর্ধমান' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক) বৃদ্ধি খ) ক্ষীয়মান
গ) চঞ্চল ঘ) চতুর

৩৪. 'সদর' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক) দয়া খ) নির্দয়
গ) নির্মম ঘ) নিষ্ঠুর

৩৫. বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশভঙ্গিকে কী বলে?
ক) বাক্যতত্ত্ব খ) বাচ্য
গ) বাগধারা ঘ) উক্তি

৩৬. 'জল পড়ে পাতা নড়ে'— এটি?
ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য
গ) ভাববাচ্য ঘ) কোনোটিই নয়

৩৭. প্রত্যক্ষ উক্তির 'আগামীকাল' পরোক্ষ উক্তিতে কী হয়?
ক) আগের দিন খ) পরের দিন
গ) পূর্বদিন ঘ) সেইদিন

৩৮. কোনটি প্রান্তিক চিহ্ন?
ক) কমা খ) সেমিকোলন
গ) কোলন ঘ) প্রশ্নসূচক চিহ্ন

৩৯. অসমাপিকা ক্রিয়া বাক্যের কোথায় বসে?
ক) বিশেষ্যের আগে খ) বিশেষণের আগে
গ) বিশেষ্যের পরে ঘ) সর্বনামের আগে

৪০. 'উমেদারি' কোন অর্থে তদ্ধিত প্রত্যয়?
ক) মালিক খ) জাত
গ) বৃত্তি ঘ) ভাব

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ |
| | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | খ |

Teachingbd.com